

স্বপ্নের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার প্রত্যয়

খুবি দিবসে বর্ণিল আয়োজন

খুলনা প্রতিনিধি

২৬ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম



বিপুল উৎসাহ-উদ্দীপনায় বর্ণিল আয়োজনের মধ্য দিয়ে গতকাল খুলনা বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে। এ বছর বিশ্ববিদ্যালয়টি শিক্ষা কার্যক্রমের ৩৪ বছর পূর্ণ করে ৩৫ বছরে পদার্পণ করেছে।

UNIBOTS

এ উপলক্ষে আলোচনাসভায় বক্তারা বলেছেন, শিক্ষা ও গবেষণায় খুলনা বিশ্ববিদ্যালয়ের সফলতা দৃশ্যমান। সমসাময়িক সময়ে প্রতিষ্ঠিত অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে খুলনা বিশ্ববিদ্যালয় অনেক এগিয়ে। এ বিশ্ববিদ্যালয়ের কৃতি অ্যালামনাইরা দেশ-বিদেশে সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছেন। তাদের জন্য খুলনা বিশ্ববিদ্যালয় পরিবার গর্বিত। এ সুনাম

অর্জনের নেপথ্যে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অবদান রয়েছে। বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নিতে সবাই যেভাবে ভূমিকা রাখছে, তাতে অচিরেই খুলনা বিশ্ববিদ্যালয় নতুন প্রজন্মের স্বপ্নের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে উঠবে।

সকাল সাড়ে ৯টার দিকে শহীদ তাজউদ্দীন আহমদ প্রশাসনিক ভবনে খুলনা বিশ্ববিদ্যালয়ের পতাকা উন্মোচনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। পরে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়। সেখানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদ খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মীর মুন্সুরুল হক সব শহীদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। একই সঙ্গে খুলনা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলনে জড়িতদের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

এর পর হাদী চতুর থেকে উপাচার্য প্রফেসর ড. মো. রেজাউল করিমের নেতৃত্বে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় হাদী চতুরে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. হারুনুর রশীদ খান ও ট্রেজারার প্রফেসর ড. মো. নূরুল্লাহী এবং বিভিন্ন স্কুলের ডিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ডিসিপ্লিন প্রধান, প্রভোস্ট, বিভাগীয় পরিচালকসহ শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। পরে শান্তির প্রতীক পায়রা উড়িয়ে দিবসের কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

এর পর মুক্তমঞ্চে খুলনা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. রেজাউল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. জসিম উদ্দিন আহমদ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মো. হারুনুর রশীদ খান, ট্রেজারার প্রফেসর ড. মো. নূরুল্লাহী ও জীববিজ্ঞান স্কুলের ডিন প্রফেসর ড. আবুল কালাম আজাদ।

শুভেচ্ছা বক্তব্য রাখেন দিবস উদযাপন কমিটির সদস্য-সচিব ও ছাত্রবিষয়ক পরিচালক প্রফেসর ড. মো. নাজমুস সাদাত। অ্যালামনাইদের পক্ষ থেকে বক্তব্য রাখেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহসভাপতি কেএইচ মায়হাবুদ্দিন পল্লব, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ফজলে রেজা সুমন। শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন নগর ও গ্রামীণ পরিকল্পনা ডিসিপ্লিনের মাহবুব আলম জুবায়ের। সমাপনী বক্তব্য রাখেন দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ও চারুকলা স্কুলের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. শেখ সিরাজুল হাকিম।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী ছাত্রবিষয়ক পরিচালক মো. মাহদী-আল-মুহতাসিম নিবিড় এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিনের শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস মিম। এ সময় দিবস উপলক্ষে গঠিত বিভিন্ন উপ-কমিটির আহ্বায়ক ও ডিনবৃন্দ মঞ্চে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গত বছরের কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থী ও সংগঠনমূহকে সম্মাননা প্রদান করা হয়। এ ছাড়া আলোচনাসভার প্রধান অতিথি একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. জসিম উদ্দিন আহমদ ও খুলনা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম পিএইচডি অর্জনকারী ড. নাজমা আহমেদকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। এর আগে দিবসটি উপলক্ষে খুলনা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ১০০ পাউন্ডের কেক কাটা হয়। পরে বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে প্রকাশিত স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়। মুক্তমঞ্চে সম্মুখস্থ মাঠে বিভাগ/ডিসিপ্লিনসমূহের গত বছরের অর্জন ও আগামী বছরের পরিকল্পনা উপস্থাপনার ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়।

এ ছাড়াও বাদ জোহর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহফিল এবং মন্দিরে প্রার্থনা অনুষ্ঠিত হয়। দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে সন্ধ্যায় মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দিবসটি উপলক্ষে ক্যাম্পাসের মেইন গেট, রাস্তা, শহীদ তাজউদ্দীন আহমদ প্রশাসনিক ভবন, উপাচার্যের বাসভবন, ক্যাফেটেরিয়া, লাইব্রেরি ভবন, একাডেমিক ভবন ও হলসমূহ আলোকসজ্জা করা হয়।